



৪৩

আগামীকাল সারাদেশে ছাত্র ধর্মঘট

৥ স্ট্যাক রিপোর্টার ৥

ডাকসু নির্বাচনে বিশ্ববিদ্যালয় প্রশাসনের
একাংশের মারাত্মক জালিয়াতি, কারচুপি
ও বিভিন্ন অনিয়মের প্রতিবাদে ছাত্র বাংলা
পরিষদ আগামী রোববার দেশের সকল
শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

ছাত্র ধর্মঘট

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ধর্মঘট আহ্বান
করেছে। সংগঠনের সভাপতি জনাব মোঃ
কনক জহিরের সভাপতিত্বে অনুষ্ঠিত এক
জরুরী সভায় গতকাল এ সিদ্ধান্ত নেয়া
হয়। সভায় ডাকসু নির্বাচনে ভিসির
পক্ষপাতমূলক আচরণেরও তীব্র নিন্দা
করা হয়।

এছাড়া ছাত্র লীগ (জ-লু)র সভাপতি
জনাব এম, এ, জলিল ও সাধারণ
সম্পাদক জনাব খন্দকার লুৎফর রহমান
এক প্রেসবিজ্ঞপ্তিতে ডাকসু নির্বাচনকে
একটি পরিকল্পিত চক্রান্ত বলে আখ্যায়িত
করেন।

তারা বলেন, সংগ্রামী প্রতিষ্ঠান ডাকসুকে
স্বৈরাচার ও আগ্রাসী ভারতের সহযোগী
শক্তিতে পরিণত করার লক্ষ্যেই কারচুপির
আশ্রয় নেয়া হয়। অপর এক প্রেস
বিজ্ঞপ্তিতে জাতীয় ছাত্রদল মেয়েদের
উপর হামলা এবং কফিলউদ্দিন
হত্যাকাণ্ডের সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ
ও সরকার প্রত্যক্ষভাবে জড়িত রয়েছে
বলে উল্লেখ করে তাদের তীব্র নিন্দা
করেন।